

কোনদিন যদি / রানা পাল

কোনদিন যদি,
পাগল বাতাসে তোমার আঁচল, চকিতে নৌকা-পাল
জানবে তোমায় আদর করছে, দুট্টু সেই দামাল।

কোনদিন যদি,
মাথার ওপর টুপ করে ঝরা ফুল,
তোমার চুলে বিলি কাটছে রুম্ম সে আঙুল।

কোনদিন যদি,
তোমাকে ছোঁয় শির শিরে এক হাওয়া
তোমার পাশে নাছেরবান্দা প্রেমিকের হেঁটে যাওয়া

কোনদিন যদি,
তোমার মনে ঢুকে পরে তার ভাবনা
সাবধান থেকে,
নির্লজ্জ বলবেই দেখ, আজ আর ফিরে যাব না।

১৮ ফেব্রুয়ারি ২০০৭

